

সারাদেশ

তজুমদ্দিনে মা ইলিশ সংরক্ষণ অভিযানে জেলেদের মাঝে ভিজিএফের চাল বিতরণ



প্রতিবেদক: তজুমদ্দিন (ভোলা) প্রতিনিধি

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৮ অক্টোবর ২০২৬, ০৭:০৬ PM



ভোলার তজুমদ্দিনে মা ইলিশ সংরক্ষণ অভিযান উপলক্ষে কর্মহীন হয়ে পড়া নিবন্ধিত জেলেদের মাঝে ভিজিএফ কর্মসূচির আওতায় সরকারি চাল বিতরণ শুরু হয়েছে।

বৃহস্পতিবার (৮ অক্টোবর) উপজেলার বিভিন্ন ইউনিয়নে পর্যায়ক্রমে এ চাল বিতরণ কার্যক্রম শুরু হয়। এ সময় তজুমদ্দিন উপজেলা বিএনপির সভাপতি মো. গোলাম মোস্তফা মিল্টু ও সাধারণ সম্পাদক আলহাজ্ব ওমর আসাদ রিটু উপস্থিত থেকে জেলেদের মাঝে ভিজিএফের চাল বিতরণ করেন।

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী, মা ইলিশ সংরক্ষণে ৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত ২২ দিন সারা দেশে ইলিশ আহরণ, পরিবহন, বিপণন ও মজুদের ওপর নিষেধাজ্ঞা কার্যকর রয়েছে। এ সময়ে ইলিশ আহরণে নিষেধাজ্ঞার কারণে কর্মহীন হয়ে পড়া নিবন্ধিত জেলেদের সহায়তায়

সরকারের পক্ষ থেকে ভিজিএফ কর্মসূচির আওতায় খাদ্য সহায়তা দেওয়া হচ্ছে।

এ কর্মসূচির আওতায় তালিকাভুক্ত প্রতিটি জেলে পরিবারকে ২৫ কেজি করে চাল দেওয়া হচ্ছে। সরকারের ডাটাবেজে নিবন্ধিত ও কার্ডধারী জেলেরাই এ খাদ্য সহায়তার আওতায় রয়েছেন।

নিষেধাজ্ঞা শুরুর পর থেকেই তজুমদ্দিন উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের মাধ্যমে পর্যায়ক্রমে চাল বিতরণ কার্যক্রম চলছে। সংশ্লিষ্টরা বলছেন, নিষেধাজ্ঞাকালে কর্মহীন হয়ে পড়া জেলে পরিবারগুলোর খাদ্যসংকট কিছুটা হলেও কমাতে এ সহায়তা ভূমিকা রাখবে।

এ বিভাগের আরও খবর



রংপুরে শিক্ষক পরিবার হত্যায় দুই আসামির ডিএনএ মিলেছে
রংপুরে অবসরপ্রাপ্ত স্কুলশিক্ষক গণপতি চন্দ্রনতীসহ একই পরিবারের চারজনকে হত্যার ঘটনায় গ্রেপ্তার দুই আসামি সিদ্ধার্থ দাস ও মুন্স দাসের ডিএনএ নমু...



বগুড়ায় দুই শিশুকে ধর্ষণের দায়ে ৬০ বছর কারাদণ্ড
বগুড়ার কাহালুতে ছয় বছরের দুই শিশুকে ধর্ষণের মামলায় নুর ইসলাম (৪২) নামে এক ব্যক্তিকে ৩০ বছর করে মোট ৬০ বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। একইস...



কুষ্টিয়ায় মাদ্রাসাছাত্রকে যৌন নিপীড়নের চেষ্টা, ওসিসহ ৩ পুলিশ আহত
কুষ্টিয়ার নৌপতপুরে এক মাদ্রাসাছাত্রকে যৌন নিপীড়নের চেষ্টার অভিযোগ উঠেছে মাদ্রাসার অধ্যক্ষ আশিকুন্নাহর বিরুদ্ধে। এ অভিযোগকে কেন্দ্র করে অধ্যক্ষ...



মসজিদের মাইকে ঘোষণা দিয়ে ৫ গ্রামবাসীর সংঘর্ষ, এমপির সামাধানের আশ্বাস
সুনামগঞ্জের তাহিরপুরে মসজিদের মাইকে ঘোষণা দিয়ে পাঁচ গ্রামের মানুষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। প্রায় দুই ঘণ্টাব্যাপী সংঘর্ষে উভয়পক্ষের অর্ধশ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/tjumddine-ma-ilish-sngrkshn-obhijane-jeleder-majhe-bhijefer-chal-bitrn>